

বিটাকের শিক্ষার্থীদের সনদ বিতরণ

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিল্প-কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় ১ম ব্যাচের প্রশিক্ষার্থীদের সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠান গত ১০ নভেম্বর বিটাকের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) আবদুল মতিন এনডিসির সভাপতিত্বে বিটাক, ঢাকায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জালাল আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, SEIP প্রকল্প, প্রধান অতিথি এবং মি. ব্রজেশ পান্থ, টেকনিক্যাল এডভাইজার (এডুকেশন), এডিবি, ম্যানিলা, ও আব্দুর রউফ তালুকদার, নির্বাহী প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), SEIP প্রকল্প, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এ ছাড়া সভায় প্রাণ-আরএফএল গ্রুপ ও কোকাকোলা ইন্টারন্যাশনাল বেভারেজ প্রাইভেট লিমিটেডের প্রতিনিধি এবং SEIP ও বিটাকের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মেশিন শপ, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স এবং ওয়েল্ডিং ট্রেডে ৪ মাসের প্রশিক্ষণ কোর্স সাফল্যের সঙ্গে সম্পন্ন করায় ৭৫ জন প্রশিক্ষার্থীকে সার্টিফিকেট প্রদান করা হয়। ইতোমধ্যে ৩৮ জন প্রশিক্ষার্থীকে সরাসরি বিভিন্ন শিল্পকারখানায় চাকরির ব্যবস্থা করা হয়েছে। বিজ্ঞপ্তি।